



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ
৯ মে ২০২৩

বাউবিতে বৈশ্বিক মন্দার ঝুঁকি শীর্ষক লেকচার অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস-এর Open Business Talk কার্যক্রমের অংশ হিসেবে Open Business Distinguished Lecture Series এর প্রথম লেকচার আজ ৯ মে ২০২৩; মঙ্গলবার গাজীপুরস্থ বাউবির বঙ্গমাতা বেগম ফজিলাতুল্লাহা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। বৈশ্বিক মন্দার ঝুঁকি : বাংলাদেশ কি প্রস্তুত? শীর্ষক এ লেকচারে প্রবন্ধ উপস্থাপনা করেন স্টেট ইউনিভার্সিটি অব নিউইয়র্কের ইকোনোমিক্স এন্ড ফিন্যান্সের অধ্যাপক ড. বিরূপাক্ষ পাল।



তিনি তার দীর্ঘদিনের গবেষণা ও বাংলাদেশ কেন্দ্রীয় ব্যাংকের সাবেক প্রধান অর্থনীতিবিদ হিসেবে কাজ করার নানা অভিজ্ঞতা, বাস্তবতা, সম্ভবনা ও প্রতিবন্ধকতা তুলে ধরেন। বিরূপাক্ষ পালের মতে, মধ্যম আয়ে পৌঁছার পর প্রতিটি দেশে ব্যাপক কাঠামোগত পরিবর্তন সাধিত হয়। আমাদের জীবনের কৈশোরের মতো। এই পরিবর্তনের ঝুঁকি অনেক বেশি। সঠিক ও সবল প্রতিষ্ঠান গড়ে তুলে যে দেশ এই পরিবর্তন চালিত করতে পারে, সে দেশই দ্রুত উচ্চ আয়ে পৌঁছতে পারে। অধিকাংশ দেশই এতে ব্যর্থ হয়। কারণ, কোনো দেশ মধ্যম আয়ে পৌঁছানোর সঙ্গেই সে দেশের ধনি ও ক্ষমতাবানদের লুণ্ঠন প্রবণতা বেড়ে যায়। বাংলাদেশকে তিনি সম্ভাবনার অবার ক্ষেত্র হিসেবে উল্লেখ করেন। তবে, লুণ্ঠনকারী ব্যবসায়ী ও রাজনৈতিক দৌড়াতুকে নিয়ন্ত্রণে রাখাটা সরকারের জন্য বড় চ্যালেঞ্জ। কোভিডকালীন বাংলাদেশের অর্থনৈতিক সুরক্ষাকে বিজয় হিসেবে দেখেন তিনি। গ্রাম ও শহরের দূরত্ব কমিয়ে, সেবার মান বৃদ্ধি ও প্রযুক্তিসহ সৃজনশীল কর্মক্ষেত্র সৃষ্টিকে অর্থনীতির উড্ডয়ন নির্দেশক হিসেবে তুলে ধরেন তিনি। রাজধানী ঢাকার সম্প্রসারণ, জীবনযাত্রা, অবকাঠামো উন্নয়ন ও যোগাযোগ ব্যবস্থায় আমূল পরিবর্তনকে তিনি সরকারের ইতিবাচক পরিকল্পনা হিসেবে তুলে ধরেন ড. বিরূপাক্ষ পাল। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ড. বিরূপালকে ক্রেস্ট ও লাল-সবুজের উত্তরীয় পরিয়ে দেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, বিভিন্ন স্কুলের ডিন, শিক্ষক, পরিচালক ও কর্মকর্তাবৃন্দ। বাউবির ট্রেজারার ও স্কুল অব বিজনেসের ডিন অধ্যাপক মোস্তফা আজাদ কামালের সভাপতিত্বে ও সার্বিক তত্ত্বাবধানে প্রথম লেকচারটি সু-সম্পন্ন হয়। অনুষ্ঠানটির সমন্বয়ক হিসেবে ছিলেন স্কুল অব বিজনেসের সহকারী অধ্যাপক আসমা আক্তার শেলী। অনুষ্ঠান সঞ্চালনা করেন স্কুল অব বিজনেসের শিক্ষক সিফাত মাসুদ।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)